৩০

দৈনিক খবর

তারিখ 30 AUG 1993
পৃষ্ঠা ২ কলাম ৪

# 'সবার জন্য শিক্ষা' নিশ্চিত করতে মসজিদভিত্তিক গণশিক্ষা কর্মসূচী

ধর্মমন্ত্রী মোহাম্মদ কেরামত আলী আগামী দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে মসজিদভিত্তিক গণশিক্ষা কার্যক্রমকে সার্থকভাবে এগিয়ে নেয়ার উদ্দেশ্যে ধর্ম মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত সুপারভাইজারদের প্রতি আহবান জানিয়েছেন।

তিনি গত শনিবার ঢাকায় আহ্ছানিয়া মিশন আয়োজিত মসজিদ ভিত্তিক সমন্বিত উপ-আনুষ্ঠানিক শিক্ষা বিস্তার প্রকল্পের সুপারভাইজারদের দু'সপ্তাহব্যাপী নৈপুণ্য বিকাশী প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ আহবান জানান। তথ্য বিবরণী।

ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মসজিদভিত্তিক সমন্বিত উপ-আনুষ্ঠানিক শিক্ষা বিস্তার প্রকল্পের পরিচালক মোহাম্মদ ইসমাইল বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন।

মন্ত্রী বিভিন্ন দেশের অভিজ্ঞতা বর্ণনা করে বলেন যে, বিভিন্ন দেশের শিক্ষার জন্য বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানকে ব্যবহার করা হয়ে থাকে। তিনি বলেন, বর্তমান সরকার দেশে শিক্ষার হার বাড়ানোর জন্য বিশেষ করে দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে মসজিদভিত্তিক গণশিক্ষা কর্মসূচী গ্রহণ করেছে। মন্ত্রী আশা প্রকাশ করেন যে, এ প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান সুপারভাইজারগণ তাদের কর্মক্ষেত্রে যথাযথভাবে প্রয়োগ করবেন এবং জাতীয় শিক্ষার হার বাড়ানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। তিনি এ প্রশিক্ষণের সফলতা কামনা করেন এবং সাক্ষরতা অভিযান পরিচালনার ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য ঢাকা আহ্ছানিয়া মিশনকে ধন্যবাদ জানান।